

PRINT

সমকাল

বরকলে প্রাথমিক শিক্ষাচিত্র

শিক্ষক সংকট দূর করুন

১০ ঘণ্টা আগে

শিক্ষার ভিত্তি হলো প্রাথমিক শিক্ষা। সরকার প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে গুরুত্ব সহকারে দৃষ্টি দিলেও কোনো কোনো অঞ্চলে এই দৃষ্টির বাইরে যে রয়েছে রাঙামাটি জেলার বরকলের প্রাথমিক শিক্ষাচিত্র এ সাক্ষ্যই বহন করছে। শনিবার সমকালে প্রকাশ, রাঙামাটি জেলার বরকল উপজেলার ৮৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে অধিকাংশ বিদ্যালয়ে রয়েছে শিক্ষক সংকট। শিক্ষক সংকটে বিদ্যালয়গুলোতে নিয়মিত পাঠদান না হওয়ায় দিন দিন বাড়ছে ঝরে পড়ার হার। ওই উপজেলার অধিকাংশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক কিংবা দু'জন শিক্ষক দিয়ে শিক্ষা কার্যক্রম চালু রাখা হয়েছে। দেশের জনগোষ্ঠীর উল্লেখযোগ্য অংশ যখন এখনও নিরক্ষর, তখন প্রাথমিক স্তরে ঝরে পড়ার হার রোধ করতে না পারলে জাতি নিরক্ষরতার অভিষাপ থেকে মুক্ত হবে না। পার্বত্য ও দেশের ভাটি অঞ্চলের অনেক প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামোগত ও শিক্ষক সংকটের পাশাপাশি আরও কিছু সমস্যা রয়েছে। সার্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে হলে এই প্রতিবন্ধকতাগুলো দূর করতেই হবে। সরকার প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করেছে, বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রদানসহ মেধাভিত্তিক উপবৃত্তির ব্যবস্থা করা হয়েছে।

ছাত্রছাত্রীদের বেতন দিতে হয় না। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার জন্য দক্ষ শিক্ষকের প্রয়োজনীয়তা যে সর্বাত্মক গণ্য তাতে কোনো সন্দেহ নেই। একই সঙ্গে প্রয়োজন চাহিদা মোতাবেক শিক্ষক নিয়োগের ব্যবস্থা নিশ্চিতকরণ। পাশাপাশি লেখাপড়ার পরিবেশ আরও আনন্দময় করা। যখন একজন শিক্ষার্থী কয়েক বছর স্কুলে যাওয়ার পরও কিছুই শিখতে না পারে, যখন লেখাপড়ার কোনো বিষয়েই তার মনে কোনো কৌতূহল জাগ্রত করে না, তখন তার কাছে বিদ্যালয় ভালো লাগার কথা নয়। লেখাপড়া তখন তার কাছে বোঝা মনে হয়। এ অবস্থায় শিক্ষার্থীটি বিদ্যালয় থেকে পালানোর পথ খোঁজে। লেখাপড়ার আনন্দ খুঁজে না পাওয়া শিক্ষার্থীকে বিনামূল্যে বই দিয়ে, বৃত্তি দিয়ে কিংবা নানা রকম চেষ্টা করেও বিদ্যালয় রাখা যাবে না। এখানেই এসে যায় প্রয়োজনীয়, দক্ষ-যোগ্য শিক্ষকের কথা। বরকলসহ যেসব বিদ্যালয়ে শিক্ষক সংকট রয়েছে, তা আশু নিরসন করে মানসম্মত শিক্ষার নিশ্চিত করার পাশাপাশি ঝরে পড়া রোধ করতেই হবে।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com